কালের কণ্ঠ

তারিখ 23 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# শেরপুরে শিক্ষক গ্রেপ্তার

শেরপুর প্রতিনিধি ▷

শেরপুর নকলা শহর থেকে গতকাল সোমবার দুপুরে একাত্তরে মানবতাবিরোধী অপরাধের মামলার আসামি ও সাবেক এক কলেজ শিক্ষককে গ্রেপ্তার করেছে গোয়েন্দা পুলিশ।

তাঁর নাম এস এম আমিনুজ্জামান ফারুক। তিনি নকলা হাজী জালমামুদ কলেজের বাংলা বিভাগের শিক্ষক ছিলেন। তাঁর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এর গ্রেপ্তারি পরোয়ানা ছিল।

২০০৯ সালের ১৩ এপ্রিল নকলা বাজারদি এলাকার বাসিন্দা সৈয়দ আলম মঞ্জু বাদী হয়ে আমিনুজ্জামান ফারুকের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগে নকলা থানায় একটি মামলা দায়ের করেন। পরে মামলাটি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে স্থানান্তর করা হয়।

মামলার বাদীর অভিযোগ, ১৯৭১ সালের ২৭ আগস্ট আলবদর বাহিনীর আমিনুজ্জামান ফারুক ও তাঁর পাঁচ সহযোগী বাদীর চাচা সৈয়দ শাহজাহান আলীকে ধরে নিয়ে হত্যা করে।

এ বিষয়ে মামলার বাদী সৈয়দ আলম মঞ্জু গতকাল বলেন, 'ন্যায়বিচারের আশায় আমরা দিন পার করছি।'